

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৯৯. কাউকে যে কোন ভাবে কোন ধরনের ক্ষতির সম্মুখীন করা; চাই সে আপনার কোন ক্ষতি করুক কিংবা নাই করুক

'উবাদাহ্ বিন্ স্বামিত ও আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রাঃ) থেকে বর্ণিত তাঁরা বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন: لاَ ضَرَرَ وَلَا ضَرَارَ وَلَا ضَرَارَ وَلَا ضَرَارَ وَلَا ضَرَارَ وَلَا ضَرَارَ وَلَا ضَرَارَ وَلَا ضَرَارَ

"তুমি কারোর কোন ধরনের ক্ষতি করো না। তেমনিভাবে তোমরা পরস্পর একে অপরের কোন ধরনের ক্ষতি করার প্রতিযোগিতা করো না"।[1]

আবু স্বিরমাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

مَنْ ضَارَّ أَضَرَّ الله بِهِ ، وَمَنْ شَاقَّ شَقَّ الله عَلَيْهِ

"যে ব্যক্তি অন্যের ক্ষতি করতে চায় আল্লাহ্ তা'আলা তার ক্ষতি করেন। তেমনিভাবে যে ব্যক্তি অন্যের উপর কঠিন হয় আল্লাহ্ তা'আলাও তার উপর কঠিন হোন"।[2]

>

ফুটনোট

- [1] (ইবনু মাজাহ্, হাদীস ২৩৬৯, ২৩৭০)
- [2] (ইবনু মাজাহ্, হাদীস ২৩৭১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11549

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন